# চাপাতি-রামদা হাতে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ঝটিকা মিছিল




ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে হাতে চাপাতি, কুড়াল, রামদাসহ লাঠিসোঁটা নিয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের মিছিলের একটি ভিডিও ছড়িয়ে পড়েছে। এ ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ তুলেছেন বিএনপির নেতা-কর্মীরা।

রোববার (২০ সেপ্টেম্বর) পাওয়া ভিডিওতে দেখা যায়, রূপগঞ্জ উপজেলা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সহসভাপতি নাজমুল হাসান অপু এবং উপজেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শিলা রানী পালের ছেলে দুর্জয় পালের নেতৃত্বে ছাত্রলীগের নেতা-কর্মীরা ভূলতা এলাকায় মিছিল করছেন। এ সময় তাদের কয়েকজনের হাতে চাপাতি, কুড়াল, রামদাসহ বিভিন্ন দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা দেখা যায়। প্রায় ১০ মিনিট ধরে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে তারা স্লোগান দেন।

বিএনপির নেতা-কর্মীদের অভিযোগ, এর আগের রাতে রূপগঞ্জের বিভিন্ন এলাকায় যুবদল ও ছাত্রদলের নেতা-কর্মীদের বাড়িঘর ও ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

স্থানীয় সূত্র ও বিএনপি নেতারা বলেন, রাজধানীতে বিএনপির নেতা তাবিথ আউয়ালসহ নেতা-কর্মীদের ওপর হামলার প্রতিবাদে শনিবার রাতে ঢাকা-সিলেট মহাসড়কের গোলাকান্দাইল এলাকায় বিএনপির নেতা-কর্মীরা মিছিল বের করেন। মিছিলের খবর পেয়ে রূপগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা মিছিল ও তাৎক্ষণিকভাবে সমাবেশ করেন। পরে হামলার ঘটনা ঘটে।

বিএনপির নেতা-কর্মীরা অভিযোগ করেন, হামলায় ছাত্রদল নেতা মাসুদের পরিবারের ছয় সদস্য আহত হয়েছেন। এ ছাড়া ভোলতা ইউনিয়ন যুবদলের সভাপতি, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রনি ও তাদের বাড়িঘর এবং রনির মামা শরিফের রেস্তোরাঁয় হামলা ও লুটপাট করা হয়েছে বলেও অভিযোগ করেন তারা।

বিএনপির স্থানীয় নেতা-কর্মীদের অভিযোগ, এসব হামলা ও ভাঙচুরের সঙ্গে আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা জড়িত।